দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 2 5. DEC. 2017 ...
পৃষ্ঠা ... ২০ ... কলাম ... ৩ ...

# সরকার শিক্ষকদের বেতন বৃদ্ধি করেছে ॥ তোফায়েল

**নিজস্ব সংবাদদাতা, ভোলা, ২৪ ডিসেম্বর ॥** বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, স্বাধীনতার পর বঙ্গবন্ধুই প্রথম ৩৬ হাজার শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয়করণ করেন। এর পর আর কোন সরকার করেনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় এসে আবার ২৭ হাজার শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করেছেন। মন্ত্রী বলেন, আমরা শিক্ষা ব্যবস্থায় কোন দলকে টানিনা। বর্তমান সরকার শিক্ষকদের বেতনসহ বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা বৃদ্ধি করেছে।

রবিবার দুপুরে ভোলা শহরের বাংলা স্কুল মাঠে শিক্ষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন।

*(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)*

## সরকার শিক্ষকদের

*(২০-এর পৃষ্ঠার পর)*

এই সমাবেশে জেলার বিভিন্ন উপজেলা থেকে স্কুল-কলেজের প্রায় ১০ হাজার শিক্ষক অংশ নেয়।

বাণিজ্যমন্ত্রী আরও বলেন, বিএনপি আমলে তার মায়ের নামে ফাতেমা খানম কলেজটি ধ্বংস করার বহু অপচেষ্টা চালানো হয়েছে। কিন্তু বর্তমান সরকারের মেয়াদে বিএনপির শিক্ষা প্রতিষ্ঠানগুলোর উন্নয়নে অর্থ বরাদ্দসহ সার্বিক সহায়তা করা হচ্ছে। কারণ আওয়ামী লীগ অর্থ শিক্ষা ব্যবস্থায় দলীয়করণ করে না। বঙ্গবন্ধু কোন দিন তার জন্মদিন পালন করতেন না জানিয়ে মন্ত্রী বলেন, বঙ্গবন্ধু বলতেন, আমার জীবন বাংলার জনগণের জন্য উৎসর্গ করে দিয়েছি। আমার জন্মদিনই কি, আর মৃত্যু দিনই কি। আজকে বঙ্গবন্ধুর মৃত্যু দিন ১৫ আগস্ট শোক দিবসে কেউ কেউ কেক কেটে জন্মদিন পালন করে।

বাণিজ্যমন্ত্রী ভোলায় আরও উন্নয়ন হবে উল্লেখ করে বলেন, আজাহার-ফাতেমা খানম মেডিক্যাল কলেজ নির্মাণের কাজ আরম্ভ হবে। এছাড়া অবকাঠামো, উন্নয়ন ও নদী ভাঙ্গা রোধে আরও কাজ হবে। ভোলা ইলিশা ইউসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক মোতাহার মিয়ার সভাপতিত্বে সভায় বক্তব্য দেন, ভোলা-২ আসনের সংসদ সদস্য আলী আজম মুকুল, ভোলা-৩ আসনের সংসদ সদস্য নুরুন্নবী চৌধুরী শাওন, জেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল মমিন টুলু, পৌর মেয়র মোঃ মনিরুজ্জামান, জেলা আওয়ামী লীগ সাংগঠনিক সম্পাদক মইনুল হোসেন বিপ্লব, শিক্ষক সমিতির সম্পাদক সাফিয়া খাতুনসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নেতৃবৃন্দ।